



বিজ্ঞপ্তি (৪র্থ বার)

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় রেজিস্টারভুক্ত গ্র্যাজুয়েট হিসেবে তালিকাভুক্তির সময়সীমা বৃদ্ধি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় রেজিস্টারভুক্ত গ্র্যাজুয়েট হিসেবে তালিকাভুক্তির সময় ০৮ সেপ্টেম্বর, ২০১৭ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয় প্রথম সংবিধির ১০ নং তফসিলের (১) নং ধারা অনুযায়ী গ্র্যাজুয়েট হওয়ার কমপক্ষে পাঁচ বৎসর অতিক্রান্ত হলে রেজিস্টারভুক্ত গ্র্যাজুয়েট হিসেবে ১০০/- (একশত) টাকা রেজিস্ট্রেশন ফি প্রদানপূর্বক রেজিস্টারে নাম তালিকাভুক্তি করতে পারবেন। শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন ১৯৮৭ এর আর্টিক্যাল ২১ (ড) অনুযায়ী রেজিস্টারভুক্ত গ্র্যাজুয়েটদের মধ্য থেকে বিশ্ববিদ্যালয় সিনেটে ১০ (দশ) জন প্রতিনিধি নির্ধারণের জন্য নির্বাচন অনুষ্ঠিত হবে। রেজিস্টারভুক্ত গ্র্যাজুয়েটের জন্য যারা ০৮ সেপ্টেম্বর, ২০১৭ তারিখের মধ্যে যারা তালিকাভুক্ত হবেন কেবলমাত্র তাঁরাই নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন।

গ্র্যাজুয়েটদের রেজিস্ট্রেশনের জন্য শর্তাবলী ও নির্ধারিত ফি নিম্নরূপ:

০১। শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের যে সকল গ্র্যাজুয়েটদের ফলাফল ৩০ জুলাই, ২০১২ ইং তারিখ বা তার পূর্বে প্রকাশিত হয়েছে, কেবলমাত্র তাঁরাই রেজিস্টারভুক্ত গ্র্যাজুয়েট হিসাবে তালিকাভুক্তি হওয়ার জন্য আবেদন করতে পারবেন। সার্টিফিকেটের পিছনে ফলাফল প্রকাশের তারিখ উল্লেখ রয়েছে। অন্য কোন বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েট আবেদন করতে পারবেন না।

০২। বিশ্ববিদ্যালয়ের কোন গ্র্যাজুয়েট মাত্র ১০০/- (একশত) টাকা ফিস প্রদান করে রেজিস্টারভুক্ত গ্র্যাজুয়েটদের রেজিস্টারে নাম তালিকাভুক্তি করতে পারবে।

০৩। তালিকাভুক্ত রেজিস্টার গ্র্যাজুয়েট কোন ব্যক্তি মাত্র ১০০/- (একশত) টাকা বার্ষিক ফিস প্রদান করে আজীবন রেজিস্টারভুক্ত গ্র্যাজুয়েটদের সুযোগ সুবিধা ভোগ করার অধিকারী হবেন। তবে শর্ত থাকে যে, কোন রেজিস্টারভুক্ত গ্র্যাজুয়েট তাঁর নাম রেজিস্টারীকরণের প্রথম বৎসর হতে ক্রমাগত পনের বৎসরের বার্ষিক ফিস প্রদান করে আমরণ বা ইস্তফা প্রদান না করা পর্যন্ত আর কোন ফিস প্রদান না করেই রেজিস্টারভুক্ত গ্র্যাজুয়েট হিসেবে তালিকাভুক্তি থাকার অধিকারী হবেন।

আরও শর্ত থাকে যে, কোন রেজিস্টারভুক্ত গ্র্যাজুয়েট উপরোক্তভাবে রেজিস্টারভুক্ত হওয়ার পর যে কোন সময়ে বার্ষিক ফিস বাবদ একত্রে মাত্র ১০০০/- (এক হাজার) টাকা প্রদান করে অনুরূপ ফিস প্রদানের তারিখ হতে আজীবন বা ইস্তফা প্রদান না করা পর্যন্ত আর কোন ফিস প্রদান না করেই রেজিস্টারভুক্ত গ্র্যাজুয়েটের সুযোগ-সুবিধা ভোগ করতে থাকবেন।

০৪। বিশ্ববিদ্যালয়স্থ সোনালী ব্যাংক শাখার 'শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়' খাতের হিসাব নং ৩৬০০০০৪২, সোনালী ব্যাংক লি., শাবিপ্রবি শাখা, সিলেট এ ০৮/০৯/২০১৭ ইং তারিখ পর্যন্ত বর্ধিত সময়ের মধ্যে নির্ধারিত ফি জমা দেয়া যাবে।

০৫। আবেদন ফরম www.sust.edu তে পাওয়া যাবে।

০৬। আবেদন পত্রের নির্ধারিত ফরমসহ (ফরম পূরণপূর্বক) ডিগ্রী সার্টিফিকেটের ফটোকপি, ১ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, ব্যাংক রশিদের কপি স্ক্যান করে বর্ণিত (reggraduate16@sust.edu or reggraduate16.sust@gmail.com)

ই-মেইলে প্রেরণ করে রেজিস্টারভুক্ত গ্র্যাজুয়েট হিসেবে নাম অন্তর্ভুক্ত করা যাবে। এছাড়া পূরণকৃত ফরম প্রশাসনিক ভবন-০২ এর ১০২ ও ১০৩ নং কক্ষেও জমা দেয়া যাবে।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার, শাবিপ্রবি, সিলেট।